



...  
দুর্নীতি দমন কমিশন  
প্রধান কার্যালয়  
১ সেগুনবাগিচা, ঢাকা।  
www.acc.org.bd



স্মারক নম্বর: ০০.০১.০০০০.১০৩.৯৯.০১৭.১৯.১৩০

তারিখ: ১ বৈশাখ ১৪২৭

১৪ এপ্রিল ২০২০

বিষয়: চলমান সাধারণ ও সাপ্তাহিক ছুটিতে দুর্নীতি দমন কমিশন আইনের তফসিলভুক্ত অপরাধ সম্পর্কে যে কোন সময়ে এজাহার গ্রহণ এবং সার্বক্ষণিকভাবে অফিসের নিরাপত্তা নিশ্চিতকরণ প্রসংগে  
সূত্র: এ কার্যালয়ের স্মারক নম্বর ০০.০১.০০০০.১০৩.৩৫.০৬৩.০৭(অংশ-১৩)/৪৭৮৩৫(১২০) তারিখঃ ১২/১২/২০১৯  
খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্নীতি দমন কমিশন আইনের তফসিলভুক্ত অপরাধ সম্পর্কে যে কোন সময়ে এজাহার গ্রহণ ও তা রেজিস্টারে অন্তর্ভুক্ত করার দায়িত্ব সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের। এমতাবস্থায়, চলমান সাধারণ ও সাপ্তাহিক ছুটিতে যথাযথভাবে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সার্বক্ষণিকভাবে এজাহার গ্রহণ এবং তা রেজিস্টারে অন্তর্ভুক্তকরণসহ সূত্রোক্ত স্মারকের নির্দেশনাসমূহ বাস্তবায়ন নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। এছাড়া, বিদ্যমান পরিস্থিতিতে (কোভিড-১৯ সংশ্লিষ্ট) কমিশনের প্রধান কার্যালয়, সকল বিভাগীয় ও সমন্বিত জেলা কার্যালয়সমূহে নিশ্চিত নিরাপত্তা নিশ্চিতকরণে প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্যও সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ সূত্রোক্ত স্মারক ০১(এক) পাতা

১৪-৪-২০২০

মোহাম্মদ আব্দুল আওয়াল

পরিচালক

ফোন: ০২-৯৩৫২১১৫

ইমেইল: d.admin@acc.org.bd

উপপরিচালক(সকল), সমন্বিত জেলা কার্যালয়

স্মারক নম্বর: ০০.০১.০০০০.১০৩.৯৯.০১৭.১৯.১৩০/১(৫)


তারিখ: ১ বৈশাখ ১৪২৭

১৪ এপ্রিল ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (সকল), বিভাগীয় কার্যালয়: তাঁর অফিসে সার্বক্ষণিক নিশ্চিত নিরাপত্তা নিশ্চিতকরণে কার্যকরী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ২) চেয়ারম্যানের একান্ত সচিব, প্রধান কার্যালয়, ঢাকা। (মাননীয় চেয়ারম্যান মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)
- ৩) কমিশনার (অনুসন্ধান/তদন্ত) এর একান্ত সচিব, প্রধান কার্যালয়, ঢাকা। (মাননীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪) একান্ত সচিব, সচিব এর দপ্তর, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)

৫) জনাব মোঃ রাকিবুল হায়াৎ, উপসহকারী পরিচালক (নিরাপত্তা ইনচার্জ), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।(প্রধান কার্যালয়ের প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিত করণের নির্দেশনাসহ)



১৪-৪-২০২০

মোহাম্মদ আব্দুল আওয়াল  
পরিচালক